**মুনিমা হাফিজ**
নিবন্ধক ও মহাপরিচালক (অতি: দায়িত্ব)
সমবায় অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা- ১২০৭
ফোন: +৮৮-০২-৪৮১১৯৩০৫
E-mail: reg.dg@coop.gov.bd

আধা-সরকারি পত্র নম্বর: ৪৭.০৬১.০০০০.০৪৬.২৩.০০৬.২৫.২১৪(৬১) তারিখ:১৪/১০/২০২৫

প্রিয় সহকর্মী,

আমার সালাম ও আন্তরিক শুভেচ্ছা নিবেন। জাতীয় সমবায় পুরস্কার ২০২৪ প্রদানের লক্ষ্যে শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ী মনোনয়নের ক্ষেত্রে আপনার মূল্যবান সময় ও সহযোগিতা প্রদানের জন্য অশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

২। আপনি জানেন যে, সমবায় কার্যক্রমে দেশের জনগণকে সম্পৃক্তকরণ এবং এর গুরুত্ব সকল শ্রেণি ও পেশার মানুষের নিকট তুলে ধরার উদ্দেশ্যে প্রতিবছর নভেম্বর মাসের প্রথম শনিবার জাতীয় সমবায় দিবস উদযাপন করা হয়। এ বছর ১ নভেম্বর ২০২৫ তারিখে ৫৪তম জাতীয় সমবায় দিবস উদযাপন করা হবে। ৫৪তম জাতীয় সমবায় দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে **"সাম্য ও সমতায়, দেশ গড়বে সমবায়"**। এ উপলক্ষে আগামী ১ নভেম্বর ২০২৫ শনিবার সকাল ৯.৩০ ঘটিকায় মাল্টিপারপাস হল, সমবায় অধিদপ্তর, ঢাকায় ৫৪তম জাতীয় সমবায় দিবস ২০২৫ এবং জাতীয় সমবায় পুরস্কার ২০২৪ প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া কেন্দ্রীয় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

৩। বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়েও উক্ত দিবস উদযাপন করা হবে। বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের অনুষ্ঠানে মাননীয় উপদেষ্টা, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে পদমর্যাদার ক্রমানুসারে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো যেতে পারে। এছাড়া সফল সমবায়ী, সমবায় বিশেষজ্ঞ, বিশিষ্ট শিক্ষাবিদ, সামাজিক আন্দোলন ও দেশের অর্থনৈতিক উন্নয়ন কর্মকাণ্ডে নিয়োজিত বিশিষ্ট ব্যক্তিবর্গকে অনুষ্ঠানের সাথে সম্পৃক্ত করার মাধ্যমে অনুষ্ঠানের তাৎপর্য ও গুরুত্ব বৃদ্ধি করা যেতে পারে।

৪। আপনার আন্তরিকতা, নিষ্ঠা ও সহযোগিতা এ বছরের ৫৪তম জাতীয় সমবায় দিবস উদযাপনের সকল কার্যক্রমকে সফলভাবে সম্পন্ন করতে সহায়ক হবে। আপনার নেতৃত্ব ও সক্রিয় অংশগ্রহণ সমবায় আন্দোলনকে গতিশীল করতে ভূমিকা রাখবে মর্মে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার,

(মুনিমা হাফিজ)

জনাব ........................................

জেলা প্রশাসক,..............................

**মুনিমা হাফিজ**
নিবন্ধক ও মহাপরিচালক (অতি: দায়িত্ব)
সমবায় অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা- ১২০৭
ফোন: +৮৮-০২-৪৮১১৯৩০৫
E-mail: reg.dg@coop.gov.bd

আধা-সরকারি পত্র নম্বর: ৪৭.০৬১.০০০০.০৪৬.২৩.০০৬.২৫.২১৫(৪৯৫) তারিখ:১৪/১০/২০২৫

আমার সালাম ও আন্তরিক শুভেচ্ছা নিবেন। জাতীয় সমবায় পুরস্কার ২০২৪ প্রদানের লক্ষ্যে শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ী মনোনয়নের ক্ষেত্রে আপনার মূল্যবান সময় ও সহযোগিতা প্রদানের জন্য অশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

২। আপনি জানেন যে, সমবায় কার্যক্রমে দেশের জনগণকে সম্পৃক্তকরণ এবং এর গুরুত্ব সকল শ্রেণি ও পেশার মানুষের নিকট তুলে ধরার উদ্দেশ্যে প্রতিবছর নভেম্বর মাসের প্রথম শনিবার জাতীয় সমবায় দিবস উদযাপন করা হয়। এ বছর ১ নভেম্বর ২০২৫ তারিখে ৫৪তম জাতীয় সমবায় দিবস উদযাপন করা হবে। ৫৪তম জাতীয় সমবায় দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে **"সাম্য ও সমতায়, দেশ গড়বে সমবায়"**। এ উপলক্ষে আগামী ১ নভেম্বর ২০২৫ শনিবার সকাল ৯.৩০ ঘটিকায় মাল্টিপারপাস হল, সমবায় অধিদপ্তর, ঢাকায় ৫৪তম জাতীয় সমবায় দিবস ২০২৫ এবং জাতীয় সমবায় পুরস্কার ২০২৪ প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া কেন্দ্রীয় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

৩। বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়েও উক্ত দিবস উদযাপন করা হবে। বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের অনুষ্ঠানে মাননীয় উপদেষ্টা, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে পদমর্যাদার ক্রমানুসারে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো যেতে পারে। এছাড়া সফল সমবায়ী, সমবায় বিশেষজ্ঞ, বিশিষ্ট শিক্ষাবিদ, সামাজিক আন্দোলন ও দেশের অর্থনৈতিক উন্নয়ন কর্মকাণ্ডে নিয়োজিত বিশিষ্ট ব্যক্তিবর্গকে অনুষ্ঠানের সাথে সম্পৃক্ত করার মাধ্যমে অনুষ্ঠানের তাৎপর্য ও গুরুত্ব বৃদ্ধি করা যেতে পারে।

৪। আপনার আন্তরিকতা, নিষ্ঠা ও সহযোগিতা এ বছরের ৫৪তম জাতীয় সমবায় দিবস উদযাপনের সকল কার্যক্রমকে সফলভাবে সম্পন্ন করতে সহায়ক হবে। আপনার নেতৃত্ব ও সক্রিয় অংশগ্রহণ সমবায় আন্দোলনকে গতিশীল করতে ভূমিকা রাখবে মর্মে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

আন্তরিকভাবে আপনার,

(মুনিমা হাফিজ)

জনাব .......................
উপজেলা নির্বাহী কর্মকর্তা
................................